

ঢাকা ভাসিটির শিক্ষক রাজনীতি সরগরম

বিশ্ববিদ্যালয় রিপোর্টার । শিক্ষক সমিতির নির্বাচন এবং ডিসি প্যানেলের নির্বাচন নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক রাজনীতি এখন সরগরম। এ বছরের ডিসেম্বরের মধ্যেই দুটি নির্বাচন অনুষ্ঠিত হবে। এর সাথে যুক্ত হয়েছে আবার ইতিহাস বিভাগের সহযোগী অধ্যাপক মেসবাহ কামাল ইস্তা। সবকিছু মিলিয়ে বিএনপি-জামায়াতপন্থী শিক্ষকদের সাদা এবং আওয়ামী লীগ সমর্থিত নীল দলের শিক্ষকদের মধ্যে 'ঠান্ডা যুদ্ধ' চলছে বলে জানা গেছে।

ডিসেম্বরের শেষ সপ্তাহে শিক্ষক সমিতির নির্বাচন অনুষ্ঠিত হবে। ডিসি প্যানেলের নির্বাচন ডিসেম্বরের ১৯ তারিখে হওয়ার কথা থাকলেও গতকাল শনিবার অজ্ঞাত কারণে তা স্থগিত হয়ে যায়। ডিসি প্যানেলের সর্বশেষ নির্বাচন অনুষ্ঠিত হয় গত জুন মাসে। ঐ নির্বাচনে ডিসি হিসেবে ড. আনোয়ার উদ্দাহ চৌধুরী সর্বোচ্চ ভোট পেয়ে নির্বাচিত হন। নির্বাচনের পরের মাসে অর্থাৎ ২৩ জুলাই শামসুন্নাহার হলের ঘটনায় ডিসি (১৫শ পৃষ্ঠায় ২-এর কঃ প্রঃ)

ঢাকা ভাসিটির শিক্ষক (শেষ পৃষ্ঠার পর)

আনোয়ারউদ্দাহ চৌধুরী ছাত্র বিক্ষোভের মুখে পদত্যাগে বাধ্য হন। পরবর্তীতে ডিসি হিসেবে সরকার ড. এস এম এ ফায়েজকে নিয়োগ দেয়। গত সপ্তাহে ডিসি ড. ফায়েজ ডিসি নির্বাচনের তারিখ ঘোষণা করেন। নির্বাচনের তারিখ ঘোষণা হওয়ার পরপরই সাদা এবং নীল দলের শিক্ষক রাজনীতি আবার সক্রিয় হয়ে উঠে। গত শুক্রবার বিজনেস স্টাডিজ অনুষ্ঠানে নীল দলের শিক্ষকদের দলীয় সভা অনুষ্ঠিত হয়। সভায় শিক্ষক সমিতির নির্বাচন, ডিসি প্যানেলের নির্বাচন এবং মেসবাহ কামালের বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হয় বলে সভাসূত্রে জানা যায়। কয়েকদিনের মধ্যে সাদা দলের সভা অনুষ্ঠিত হবে। এ দিকে বাম সমর্থিত গোলাপী দলের নেতা মেসবাহ কামালের ঘটনা নিয়ে দুই দলের শিক্ষকরা মুশোম্বি অবস্থান নিয়েছে। মেসবাহ কামালের পক্ষে ও বিপক্ষে গতকাল কলা ভবনের শিক্ষক লাউঞ্জে বিভিন্ন ধরনের লিফলেট পড়ে থাকতে দেখা যায়। এ বিষয়ে শিক্ষক সমিতির সাবেক সাধারণ সম্পাদক অধ্যাপক ফেরদৌস হোসেন বলেন, অন্য একজন শিক্ষক কোন ছাত্রীকে চড় মারলে মেজবাহ কামাল কী করতেন। তিনি তো অপরাধেয় বাংলার পাদদেশে গিয়ে এত সময়ে ছাত্র-ছাত্রীদের সাথে নিয়ে মিছিল-সমাবেশ শুরু করতেন। একই বিষয়ে শিক্ষক সমিতির সাবেক সভাপতি অধ্যাপক আমিনুর রশীদ বলেন, বিষয়টি নিয়ে বাড়িবাড়ি করার কি আছে। ছাত্রী তো শিক্ষকের বিরুদ্ধে কোন অভিযোগ করেনি। অভিযোগ করলেই না বিষয়টি নিয়ে ভাবা যেতো।